

□ **মূল্যায়ন :** একথা নিঃসন্দেহে বলা যায় যে, মহম্মদ ঘোরি ও কুতুবউদ্দিনের বিজিত সাম্রাজ্যের সংহতি ও দৃঢ়তা আনেন ইলতুৎমিস। ঐতিহাসিক কে. এ. নিজামি মনে করেন যে, ইলতুৎমিসই প্রথম গজনী ও ঘুর রাজ্যের প্রভাব সরিয়ে দিল্লির সুলতানি-রাজ্যের স্বতন্ত্র অস্তিত্ব দান করেন। ঐতিহাসিক আর. পি. ত্রিপাঠী সুলতান ইলতুৎমিস সম্পর্কে যথার্থই বলেছেন, “The history of Muslim sovereignty in India properly speaking begins with him.” এইজন্য তাঁকেই বলা যায় দিল্লির দাসবংশের প্রকৃত স্থাপয়িতা। এছাড়া তাঁর সামরিক প্রতিভা, দূরদর্শিতা, শাসনক্ষমতা প্রভৃতি বিচার করে অনেক ঐতিহাসিক তাঁকে ‘দাসবংশের সর্বশ্রেষ্ঠ সুলতান’ বলে অভিহিত করেছেন।